

কী সেবা কীভাবে পাবেন :

১) ধনী দরিদ্র নির্বিশেষে গণতন্ত্রমনা জনগণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করা এবং তাঁদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন, নিবন্ধন, তত্ত্বাবধায়ন ও আইনগতভাবে নিয়ন্ত্রণ করা ;

২) নিবন্ধিত সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা, পরিদর্শন, তদন্ত, নির্বাচন ও অবসায়ন কার্যক্রম সম্পাদন করা;

৩) সমবায় নেতৃত্বদ ও সদস্যবৃন্দকে সমবায় সম্পর্কিত জ্ঞান, দক্ষতা বৃদ্ধির জন্য সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন, নেতৃত্বের বিকাশ, আত্ম -কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান;

৪) সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা;

৫) সমবায় সমিতির উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির উপর জরিপ, গবেষণা ও কেস স্টাডি পরিচালনা করা এবং এর উপর প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের অনুমোদন, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;

৬) সরকার কর্তৃক বাস্তবায়িত আশ্রয়ণ/আবাসন, এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান গৃহীত কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ;

৭) বৃক্ষরোপন, পরিবার পরিকল্পনা, গণশিক্ষা, জনস্বাস্থ্য রক্ষা ইত্যাদি সরকারী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করা;

৮) সমবায় সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, আশ্রয়ন প্রকল্পে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা।